দৈনিক সংবাদ

23

তারিখ ... SEP. 0 8. 1999. ...
পৃষ্ঠা ২ কলাম ১ ...

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ বুধবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পালন করা হবে। বাংলাদেশে একই সাথে বয়স্ক শিক্ষা সপ্তাহ পালন করা হবে।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন।

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ তার বাণীতে বলেন, নিরক্ষরতা দূরীকরণে এই দিবস উদ্‌যাপন কাঙ্ক্ষিত সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সহায়ক হবে বলে আমি মনে করি।

তিনি বলেন, শিক্ষার অধিকার প্রতিটি নাগরিকের সাংবিধানিক অধিকার। দেশের অনগ্রসর ও সুযোগবঞ্চিত মানুষকে শিক্ষা দেয়ার জন্য সরকার আনুষ্ঠানিক শিক্ষার পাশাপাশি উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করেছে। দু হাজার সালের মধ্যে বয়স্ক শিক্ষার হার শতকরা ৬২ ভাগে উন্নীত এবং দু' হাজার ছয় সালের মধ্যে দেশকে সম্পূর্ণ নিরক্ষরতামুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমানে সাক্ষরতা বৃদ্ধির হার প্রায় ৫৮ শতাংশে উন্নীত হয়েছে, যা মানব সম্পদ উন্নয়নের পথে আশাব্যঞ্জক অগ্রগতি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও জাতীয় বয়স্ক শিক্ষা সপ্তাহ উপলক্ষে তার বাণীতে বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ দেশের সকল নাগরিকের শিক্ষার সাংবিধানিক অধিকার নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের মহান নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় জীবনের সর্বস্তরে শিক্ষা বিস্তারের লক্ষ্যে ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছিলেন। আমাদের সরকারও নিরক্ষরতা দূরীকরণের মাধ্যমে দেশের বিপুল জনগোষ্ঠীকে মানব সম্পদে পরিণত করার নীতিতে বিশ্বাসী। এ লক্ষ্য অর্জনে আমরা আনুষ্ঠানিক শিক্ষার পাশাপাশি উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি গ্রহণ করেছি।

তিনি বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ হচ্ছে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ। এ উদ্দেশ্য সাধনে দেশবাসীকে দলমত নির্বিশেষে একাত্ম হওয়ার জন্য আমি আহ্বান জানাই। সম্মিলিত প্রচেষ্টা ও সহযোগিতায় আমরা নিরক্ষরতামুক্ত বাংলাদেশ গড়তে সক্ষম হব বলে আমি দৃঢ় আশাবাদী।

কর্মসূচি : আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও বয়স্ক শিক্ষা সপ্তাহ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উদ্যোগে আজ সকাল সাড়ে ১১টায় ওসমানী মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।